

৫০



জগন্নাথ ইউনিভার্সিটি ক্যাম্পাসে বিবিএর দাবিতে ছাত্ররা অনিশ্চিতকালের অনশন শুরু করে - যাকুদি

বিকমকে বিবিএ করার দাবি জগন্নাথে শিক্ষার্থীদের আমরণ অনশনে পুলিশের বাধা

জগন্নাথ ইউনিভার্সিটি রিপোর্টার

জগন্নাথ ইউনিভার্সিটির বিজনেস স্টাডিজ অনুষদের শিক্ষার্থীরা বিকমকে বিবিএ মানে রূপান্তর করার দাবিতে অনশন কর্মসূচি পালন করেছেন। দাবি আদায় না হওয়া পর্যন্ত অনশন কর্মসূচি অব্যাহত থাকবে বলে হুমকি দিলেও শেষ পর্যন্ত পুলিশি বাধায় অনশন স্থল ত্যাগ করতে বাধ্য হন আন্দোলনরত শিক্ষার্থীরা।

জানা যায়, ইউনিভার্সিটি হওয়ার পর থেকে জগন্নাথ ইউনিভার্সিটির বিজনেস স্টাডিজ অনুষদের বিভিন্ন সেশনের শিক্ষার্থীরা বিকমকে বিবিএ করার দাবি জানিয়ে আসছেন। কিন্তু এ বিষয়ে ইউনিভার্সিটি কর্তৃপক্ষ কোনো সিদ্ধান্ত না নেয়ার গতকাল শনিবার বেলা ১১টায় দাবি আদায়ে বিজনেস স্টাডিজ অনুষদের সামনে বসে আমরণ অনশন কর্মসূচি শুরু করেন শিক্ষার্থীরা। এ সময় তাদের মাথায় কাফনের কাপড় বাধা ছিল।

বেলা সাড়ে ১১টায় ইউনিভার্সিটির ডিসি ড. সিরাজুল ইসলাম খান অনশনরত শিক্ষার্থীদের সঙ্গে দেখা করেন এবং দেশের বর্তমান অবস্থার পরিস্থিতিতে এ ধরনের কর্মসূচি বন্ধ রাখার নির্দেশ দেন। তবে দাবি পূরণে আশ্বাস না পেয়ে শিক্ষার্থীরা অনশন কর্মসূচি অব্যাহত রাখেন। তারা বিকমকে ৪টা পর্যন্ত শান্তিপূর্ণভাবে কর্মসূচি পালন করলেও পুলিশ এতে বাধা দেয় এবং তাদের উঠিয়ে দেয়।

এ ব্যাপারে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন প্রফেসর তোফায়েল আহমেদ বলেন, বিকম এবং বিবিএর মধ্যে কোর্স কারিকুলামের ভিন্নতা রয়েছে। এছাড়া বিকমকে বিবিএ করার ক্ষেত্রে আইনগত জটিলতা রয়েছে। ইউনিভার্সিটি ডিসি ড. সিরাজুল ইসলাম খান বলেন, এ ব্যাপারে আমরা একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছি। তাদের সুপারিশগুলো সিভিকিটে ওঠানো হবে। সিভিকিটে এ ব্যাপারে সিদ্ধান্ত দেবে।